



**BUET Admission Test 2011-2012**


**গণিত (Written)**

01. যদি কোন সমবাহু ত্রিভুজের বাহু প্রতি সেকেন্ডে  $\sqrt{3}$  সে.মি. এবং ক্ষেত্রফল প্রতি সেকেন্ডে 12 বর্গ সে.মি. বৃদ্ধি পায়, তবে সমবাহু ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর।

সমাধান: ধরি, বাহুর দৈর্ঘ্য  $a$ ; ক্ষেত্রফল,  $A = \frac{\sqrt{3}}{4} a^2$

এখন,  $\frac{da}{dt} = \sqrt{3}$ ;  $\frac{dA}{dt} = \frac{\sqrt{3}}{4} \times 2a \times \frac{da}{dt} \Rightarrow 12 = \frac{\sqrt{3}}{2} \times a \times \sqrt{3} \Rightarrow a = 8\text{cm}$

02. একটি রেলগাড়ী এক স্টেশন হতে ছেড়ে 4 মিনিট পর 2km দূরে অবস্থিত অপর স্টেশনে থামে। গাড়িটি তার গতিপথের প্রথম অংশ  $x$  সমত্বরণের এবং দ্বিতীয় অংশে  $y$  সমমন্দনে চললে  $\frac{1}{x} + \frac{1}{y}$  এর মান নির্ণয় কর।



এখানে,  $S_1 = \frac{0+v}{2} \times t_1 \Rightarrow S_1 = \frac{v}{2} t_1$  এবং  $S_2 = \frac{v+0}{2} \times t_2 \Rightarrow S_2 = \frac{v}{2} \times t_2$

$\therefore S_1 + S_2 = \frac{v}{2} (t_1 + t_2) \Rightarrow 2 = \frac{v}{2} \times 4 \Rightarrow v = 1 \text{ km/min}$

আবার,  $v = 0 + xt_1 \Rightarrow t_1 = \frac{v}{x}$  এবং  $0 = v - yt_2 \Rightarrow t_2 = \frac{v}{y}$

$\therefore t_1 + t_2 = v \left( \frac{1}{x} + \frac{1}{y} \right) \Rightarrow 4 = 1 \left( \frac{1}{x} + \frac{1}{y} \right) \Rightarrow \frac{1}{x} + \frac{1}{y} = 4 \text{ min}^2/\text{km}$


03. কোন বিন্দুতে ক্রিয়ারত P ও Q ( $P > Q$ ) মানের দুটি বলের লব্ধি P বলের দিকের সাথে  $60^\circ$  কোণ উৎপন্ন করে। P বলটিকে দ্বিগুণ করলে উক্ত কোণ  $30^\circ$  হয়। বল দুটির অন্তর্ভুক্ত কোণ নির্ণয় কর।

সমাধান:  $\tan 60^\circ = \frac{Q \sin \alpha}{P + Q \cos \alpha}$  এবং  $\tan 30^\circ = \frac{Q \sin \alpha}{2P + Q \cos \alpha}$

$\therefore \frac{\tan 60^\circ}{\tan 30^\circ} = \frac{2P + Q \cos \alpha}{P + Q \cos \alpha} \Rightarrow 3 = \frac{2P + Q \cos \alpha}{P + Q \cos \alpha}$

$\Rightarrow 2P + Q \cos \alpha = 3P + 3Q \cos \alpha \Rightarrow P = -2Q \cos \alpha$

$\therefore \tan 60^\circ = \frac{Q \sin \alpha}{-2Q \cos \alpha + Q \cos \alpha} \Rightarrow \sqrt{3} = \frac{Q \sin \alpha}{-Q \cos \alpha} \Rightarrow \tan \alpha = -\sqrt{3} \Rightarrow \alpha = 120^\circ$



04. যদি  $\theta = \frac{\pi}{20}$  হয়, তবে  $\cot \theta \cdot \cot 3\theta \cdot \cot 5\theta \dots \dots \cot 19\theta$  এর মান নির্ণয় কর।

সমাধান:  $\cot \theta \cdot \cot 3\theta \cdot \cot 5\theta \cdot \cot 7\theta \cdot \cot 9\theta \cdot \cot 11\theta \cdot \cot 13\theta \cdot \cot 15\theta \cdot \cot 17\theta \cdot \cot 19\theta$

$= \cot \theta \cdot \cot 3\theta \cdot 1 \cdot \cot 7\theta \cdot \cot 9\theta \cdot \cot \left( \frac{\pi}{2} + \theta \right) \cdot \cot \left( \frac{\pi}{2} + 3\theta \right) \cdot (-1) \cdot \cot \left( \frac{\pi}{2} + 7\theta \right) \cdot \cot \left( \frac{\pi}{2} + 9\theta \right) \left[ \because \theta = \frac{\pi}{20} \right]$

$= -\cot \theta \cdot (-\tan \theta) \cdot \cot 3\theta \cdot (-\tan 3\theta) \cdot \cot 7\theta \cdot (-\tan 7\theta) \cdot \cot 9\theta \cdot (-\tan 9\theta)$

$= -(\cot \theta \cdot \tan \theta) \cdot (\cot 3\theta \cdot \tan 3\theta) \cdot (\cot 7\theta \cdot \tan 7\theta) \cdot (\cot 9\theta \cdot \tan 9\theta) = -1.1.1.1 \left[ \because \cot x \cdot \tan x = 1 \right] = -1$

05. একটি বৃত্তের সমীকরণ নির্ণয় কর যা x-অক্ষকে (4, 0) বিন্দুতে স্পর্শ করে এবং y-অক্ষ হতে 6 একক দীর্ঘ একটি জ্যা খন্ডিত করে।


সমাধান:  $CD \perp AB$  আঁকি

এখানে,  $BD = \frac{6}{2} = 3$  [কারণ কেন্দ্র থেকে লম্ব জ্যাকে সমদ্বিখন্ডিত করে]

$CD = 4 \therefore CB = \sqrt{4^2 + 3^2} = 5 = CP$

$\therefore$  কেন্দ্রের স্থানাঙ্ক  $(4, \pm 5)$  এবং ব্যাসার্ধ = 5

$\therefore$  বৃত্তের সমীকরণ :  $(x - 4)^2 + (y \pm 5)^2 = 5^2$





06. A ও B মেশিন দুটি বোল্ট প্রস্তুত করে, কিন্তু একটি নির্দিষ্ট সময়ে A মেশিনটি, B মেশিন-এর দ্বিগুণ বোল্ট তৈরি করে। জানা আছে যে, A ও B মেশিন দুটি যথাক্রমে 2% ও 1% ত্রুটিপূর্ণ বোল্ট তৈরি করে। একটি বোল্ট পরীক্ষা করে দেখা গেল যে, বোল্টটি ত্রুটিপূর্ণ। বোল্টটি A মেশিনে প্রস্তুত হবার সম্ভাব্যতা কত?

সমাধান: A মেশিনটি B এর দ্বিগুণ বোল্ট তৈরি করে।

$$\therefore \text{কোন বোল্ট A মেশিনের হওয়ার সম্ভাবনা } P(A) = \frac{2}{3} \therefore \text{B মেশিনের হওয়ার সম্ভাবনা } P(B) = \frac{1}{3}$$

$$\text{বোল্টটি ত্রুটিপূর্ণ হওয়ার সম্ভাবনা, } P(D) = P(A)P(D|A) + P(B)P(D|B) = \frac{2}{3} \times \frac{2}{100} + \frac{1}{3} \times \frac{1}{100} = \frac{5}{300} = \frac{1}{60}$$

$$\therefore P(A|D) = \frac{P(A)P(D|A)}{P(D)} = \frac{\frac{2}{3} \times \frac{2}{100}}{\frac{1}{60}} = 0.8$$

07. 6 জন ও 8 জন খেলোয়াড়ের দুটি দল থেকে 11 জন খেলোয়াড়ের একটি ক্রিকেট টিম গঠন করতে হবে যাতে 6 জনের দল থেকে অন্তত 4 জন খেলোয়াড় এই টিমে থাকে। ক্রিকেট টিমটি মোট কত প্রকারে গঠন করা যেতে পারে?

সমাধান: ১ম দল (৬ জন)

২য় দল (৮ জন)

4

7

5

6

6

5

$$\therefore \text{নির্ণেয় সমাবেশ সংখ্যা } ({}^6C_4 \times {}^8C_7) + ({}^6C_5 \times {}^8C_6) + ({}^6C_6 \times {}^8C_5) = 344$$

08.  $\int_{\pi/3}^{\pi/2} \frac{dx}{1+\sin x - \cos x}$  এর মান নির্ণয় কর।

$$\text{সমাধান: } \int \frac{dx}{1+\sin x - \cos x} = \int \frac{dx}{1 + \frac{z \tan \frac{x}{2} - 1 - \tan^2 \frac{x}{2}}{1 + \tan^2 \frac{x}{2}}} = \int \frac{(1 + \tan^2 \frac{x}{2}) dx}{1 + \tan^2 \frac{x}{2} + 2 \tan \frac{x}{2} - 1 - \tan^2 \frac{x}{2}}$$

$$\int \frac{\sec^2 \frac{x}{2} dx}{2 \tan^2 \frac{x}{2} + 2 \tan \frac{x}{2}} = \int \frac{\frac{1}{2} \sec^2 \frac{x}{2} dx}{\tan^2 \frac{x}{2} (\tan \frac{x}{2} + 1)} = \int \frac{dz}{z(z+1)} = \int \frac{dz}{z} - \int \frac{dz}{z+1} = \ln(z) - \ln(z+1) = \ln \frac{z}{z+1}$$

$$\therefore \int_{\pi/3}^{\pi/2} \frac{dx}{1+\sin x - \cos x} = \left[ \ln \frac{z}{z+1} \right]_{\frac{1}{\sqrt{3}}}^1 = \ln \frac{1}{2} - \ln \frac{1}{\frac{1}{\sqrt{3}} + 1} = \ln \frac{1}{2} - \ln \frac{1}{1 + \sqrt{3}} = \ln(\sqrt{3} + 1) - \ln 2 = \ln \frac{\sqrt{3} + 1}{2}$$


$$\text{ধরি, } z = \tan \frac{x}{2}; dz = \frac{1}{2} \sec^2 \frac{x}{2} dx; \frac{1}{z(z+1)} = \frac{1}{z} - \frac{1}{z+1}; x = \frac{\pi}{3} \text{ হলে } z = \frac{1}{\sqrt{3}}; x = \frac{\pi}{2} \text{ হলে } z = 1$$

09. একটি উপবৃত্তের অক্ষদ্বয় স্থানাঙ্কের অক্ষদ্বয় বরাবর অবস্থিত। উপবৃত্তটি  $\frac{x}{9} + \frac{y}{4} = 1$  রেখাকে x-অক্ষের উপর এবং  $\frac{x}{2} + \frac{y}{3} = 1$  রেখাকে y-অক্ষের উপর ছেদ করে। উপবৃত্তটির সমীকরণ, উৎকেন্দ্রিকতা এবং উপকেন্দ্র দুটির স্থানাঙ্ক নির্ণয় কর।

সমাধান:  $\frac{x}{9} + \frac{y}{4} = 1$  রেখা x-অক্ষকে (9, 0) বিন্দুতে ছেদ করে;  $\frac{x}{2} + \frac{y}{3} = 1$  রেখা y-অক্ষকে (0, 3) বিন্দুকে ছেদ করে

$$\therefore \text{উপবৃত্তের সমীকরণ: } \frac{x^2}{9^2} + \frac{y^2}{3^2} = 1; \text{ উৎকেন্দ্রিকতা: } e = \sqrt{1 - \frac{3^2}{9^2}} = \frac{\sqrt{72}}{9}$$

উপকেন্দ্রদ্বয়ের স্থানাঙ্ক  $(\pm ae, 0)$  বা,  $(\pm 9 \times \frac{\sqrt{72}}{9}, 0)$  বা,  $(\pm \sqrt{72}, 0)$



### পদার্থবিজ্ঞান (Written)

10. একজন প্যারাসুট আরোহী মুক্ত হয়ে বাধাহীনভাবে 50m নিচে পতিত হয়েছে। যখন প্যারাসুটটি খুলেছে তখন গতি হ্রাসের হার হল  $2m/s^2$  এবং সে  $3 m/s$  গতিতে মাটিতে এসে পৌঁছেছে। কত উচ্চতায় সে মুক্ত হয়েছিল?

সমাধান: মুক্তভাবে 50m নিচে পড়ার সময় বেগ  $v$  হলে,  $v_0^2 = 0^2 + 2gh = 2 \times 9.8 \times 50; v_0 = \sqrt{980} \text{ ms}^{-1}$

আবার, প্যারাসুট খোলার পর  $v_0 = 980, v = 3 \text{ ms}^{-1}, a = -2 \text{ ms}^{-2}, s = ?$

$$v^2 = v_0^2 + 2as \Rightarrow 3^2 = 980 - 2 \times 2 \times s \Rightarrow s = 242.75 \text{ m}$$

$$\therefore \text{নির্ণেয় উচ্চতা} = (50 + 242.75) \text{ m} = 292.75 \text{ m}$$



11. একটি রাইফেলের গুলি প্রতিটি 5cm পুরুত্বের দুইটি কাঠের তক্তাকে ভেদ করতে পারে এবং পৃথকভাবে কোন একটি দেয়ালের মধ্যে 20cm ভেদ করতে পারে। গুলিটি দেয়ালের মধ্যে কতটুকু ভেদ করতে পারবে যদি উল্লেখিত তক্তার একটি তক্তা দেয়ালের সামনে সংযুক্ত করা থাকে?

সমাধান: যেহেতু গুলিটি 5cm পুরুত্বের দুটি তক্তা ভেদ করতে পারে। সুতরাং একটি তক্তা ভেদ করলে এর গতিশক্তি অর্ধেক হয়। যদি গুলির বেগ  $V$  হয় এবং একটি তক্তা ভেদ করলে বেগ  $V'$  হয়।

$$\therefore \frac{1}{2} mV'^2 = \frac{1}{2} \times \frac{1}{2} mV^2 \Rightarrow V' = \frac{V}{\sqrt{2}}$$

এখন গুলিটি দেয়ালে 20cm প্রবেশ করতে পারে।

$$\therefore 0^2 = V^2 + 2as \Rightarrow 0 = V^2 + 2a \times 20 \Rightarrow a = \frac{-V^2}{40}$$

$$\text{এখন, দেয়ালের সামনে একটি তক্তা রাখলে, } 0 = V'^2 + 2as' \Rightarrow s' = -\frac{V'^2}{2a} = -\frac{V^2}{2 \times 2 \times \frac{-V^2}{40}} = \frac{40}{4} = 10\text{cm}$$

12.  $10^\circ\text{C}$  তাপমাত্রার 5kg পানিকে  $100^\circ\text{C}$  তাপমাত্রায় উন্নীত করতে এন্ট্রপির পরিবর্তন নির্ণয় কর।

$$\text{সমাধান: এন্ট্রপির পরিবর্তন, } S = \int_{T=283}^{T=373} \frac{dQ}{T} = \int_{T=283}^{T=373} \frac{msdT}{T} = ms \int_{283}^{373} \frac{dT}{T} = ms [\ln T]_{283}^{373} = 5 \times 4200 \times \ln \frac{373}{283} = 5798.76 \text{Jk}^{-1}$$

13. সমুদ্রের তলদেশে কোন উৎস হতে 660 Hz কম্পাঙ্কের সৃষ্ট শব্দ তরঙ্গ সমুদ্রপৃষ্ঠ হতে 1km উচ্চতায় পৌঁছাতে 3.33sec সময় লাগলে শব্দের উৎসটি সমুদ্রের তলদেশে কত গভীরে অবস্থান করবে নির্ণয় কর। (বায়ু ও পানিতে 660Hz কম্পাঙ্কের শব্দ তরঙ্গ-দৈর্ঘ্যের পার্থক্য 1.85m এবং বাতাসে শব্দের বেগ 330m/sec)

$$\text{সমাধান: } \lambda_w - \lambda_a = 1.85 \Rightarrow \frac{V_w}{f} - \frac{V_a}{f} = 1.85 \Rightarrow (V_w - V_a) \frac{1}{f} = 1.85$$

$$\Rightarrow V_w - V_a = 1.85 \times 660 \Rightarrow V_w = 1.85 \times 660 + V_a = 1551 \text{ms}^{-1}$$

$$\text{বায়ুতে 1km উচ্চতায় উঠতে শব্দের সময় লাগে} = \frac{1000}{330} = 3.0303 \text{sec}$$

$$\therefore \text{সমুদ্রের তলদেশ হতে পৃষ্ঠে উঠতে সময়} = (3.33 - 3.0303) = 0.3 \text{sec} \therefore \text{সমুদ্রের গভীরতা} = 1551 \times 0.3 = 465.3 \text{m}$$

- \*14. একজন মহিলার বয়স যখন 40 বৎসর তখন তিনি 25cm দূরে রেখে একটি বই পরিষ্কারভাবে পড়ার জন্য 2 diopter বিশিষ্ট একটি চশমা ব্যবহার করেন। তার বয়স যখন 45 বৎসর, তখন তিনি লক্ষ্য করলেন যে পরিষ্কারভাবে পড়ার জন্য এখন তাকে বইটি 40cm দূরে রাখতে হচ্ছে। 45 বৎসর বয়সে তাকে পূর্বের ন্যায় 25cm দূরে একই ধরনের বই পরিষ্কারভাবে পড়ার জন্য কত power-এর চশমা ব্যবহার করতে হবে?

সমাধান: 45 বৎসর বয়সে 2 diopter ক্ষমতার চশমার সাহায্যে মহিলা বই পড়ার জন্য 40cm দূরে রাখতে হয়।

$$\therefore \text{এক্ষেত্রে, } u = 40\text{cm} = 0.4\text{m}, \frac{1}{f} = 2, v = ?$$

$$\frac{1}{u} + \frac{1}{v} = \frac{1}{f} \Rightarrow \frac{1}{v} = \frac{1}{f} - \frac{1}{u} = -0.5 \Rightarrow v = -2\text{m} \therefore 45 \text{ বৎসর বয়সে মহিলার নিকট বিন্দু } 2\text{m}$$

এখন পূর্বের ন্যায় 25cm দূরে রেখে বই পড়ার জন্য,  $u = 25\text{cm} = 0.25\text{m}; v = -2\text{m}$

$$\therefore P = \frac{1}{f} = \frac{1}{u} + \frac{1}{v} = +3.5 \text{ diopter}$$

15. কোন এক ধরনের জীবাণু প্রতি 20 দিনে তার সংখ্যা বৃদ্ধি করে দ্বিগুণ হয়। এই ধরনের দুইটি জীবাণুকে একটি নভোযানে করে মহাকাশে পাঠানো হল এবং 1000 দিন পরে পৃথিবীতে ফিরিয়ে আনা হল। যদি নভোযানটির গতি সেকেন্ডে আলোর গতির 0.995 গুণ হয়, তবে নভোযানটি পৃথিবীতে ফিরে আসার পর এতে কতগুলো জীবাণু পাওয়া যাবে?

সমাধান: পৃথিবীতে অতিক্রান্ত সময়,  $t = 1000 \text{ days}$ ; বেগ,  $V = 0.995c$ ; মহাকাশযানে সময়,  $t_0 = ?$

$$t = \frac{t_0}{\sqrt{1 - \frac{v^2}{c^2}}} \Rightarrow t_0 = t \sqrt{1 - \frac{v^2}{c^2}} = 1000 \times \sqrt{1 - \left(\frac{0.995c}{c}\right)^2} \approx 100 \text{ days.}$$

প্রতি 20 দিনে জীবাণুর সংখ্যা দ্বিগুণ হলে 100 দিনে হবে  $2^5$  গুণ।  $\therefore 100$  দিন পরে জীবাণুর সংখ্যা  $= 2 \times 2^5 = 64$

16. একটি ট্রেন 1.0m ব্যবধানে অবস্থিত দুটি সমান্তরাল রেলের উপর 90km/hr গতিতে চলছে। দুটি রেলের মধ্যকার আবেশীয় তড়িৎচালক শক্তির মান কত নির্ণয় কর। (অনুভূমিক ভূ-চৌম্বক ক্ষেত্রের মান  $0.3 \times 10^{-4} \text{Wb/m}^2$  এবং বিনতি কোণ  $60^\circ$  ধরতে হবে।)

সমাধান: এখানে, অনুভূমিক ভূ-চৌম্বক ক্ষেত্রের মান,  $H = 0.3 \times 10^{-4} \text{Wbm}^{-2}$

$$\text{বিনতি কোণ, } \theta = 60^\circ; \text{ বেগ, } v = 90 \frac{\text{km}}{\text{hr}} \therefore \frac{v}{H} = \tan\theta \Rightarrow V = H \tan\theta = 0.52 \times 10^{-4} \text{Wb/m}^2$$

$$\therefore \text{আবেশীয় তড়িৎচালক শক্তি, } E = Vlv = 0.52 \times 10^{-4} \times 1 \times 90 \times \frac{1000}{60 \times 60} = 1.3 \times 10^{-3} \text{V}$$



17. একই মাপের 27 টি বৃষ্টির ফোঁটার প্রত্যেকটিকে 220V দ্বারা চার্জিত করা হল। বৃষ্টির ফোঁটাগুলো একত্রিত হয়ে একটি বড় ফোঁটায় পরিণত হলে বৃহদাকার ফোঁটার বিভব নির্ণয় কর।

সমাধান: ছোট ফোঁটার ব্যাসার্ধ  $r$  ও বড় ফোঁটার ব্যাসার্ধ  $R$  হলে,  $\frac{4}{3} \pi R^3 = 27 \times \frac{4}{3} \pi r^3 \Rightarrow R^3 = 27r^3 \Rightarrow R = 3r$

এখন, প্রতিটি ছোট ফোঁটায় চার্জ =  $q$  ও বিভব,  $V = 220V$ , ধারকত্ব =  $C_s$  হলে,  $C_s = \frac{q}{V} \Rightarrow V = \frac{q}{C_s} = \frac{q}{4\pi\epsilon_0 r}$

বড় ফোঁটার ধারকত্ব  $C_1$  হলে,  $C_1 = \frac{27q}{V'} \Rightarrow V' = \frac{27q}{4\pi\epsilon_0 3r} \Rightarrow V' = 9 \frac{q}{4\pi\epsilon_0 r} = 9 \times V = 9 \times 220 = 1980V$


18. 6V-এর একটি ব্যাটারীর অভ্যন্তরীণ রোধ  $0.25\Omega$ । অন্য একটি  $0.5\Omega$  অভ্যন্তরীণ রোধবিশিষ্ট 3V ব্যাটারীর সাথে সমান্তরালে সংযোগ করলে উক্ত সমবায়ের প্রান্তদ্বয়ের বিভব পার্থক্য নির্ণয় কর।

সমাধান: প্রান্তদ্বয়ের বিভব পার্থক্য =  $\frac{E_1 + E_2}{\frac{1}{R_1} + \frac{1}{R_2}} = \frac{6 + 3}{\frac{1}{0.25} + \frac{1}{0.5}} = 5V$

Or, বর্তনীতে তড়িৎপ্রবাহ  $i$  হলে, এই লুপের মধ্যে কার্শফের সূত্র অনুযায়ী পাই,

$$0.25i + 0.5i = 6 - 3 \therefore i = 4A$$

$$V_{AB} = 6V - .25\Omega \times i = (6 - .25\Omega \times 4)V = 5V$$




### রসায়ন (Written)


19. একটি তড়িৎ রাসায়নিক কোষে একটি লৌহ দণ্ডকে নিকেল দিয়ে তড়িৎ প্রলেপন করতে হবে। এ সম্পর্কিত নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।
- (i) কোন ধাতুটি ক্যাথোড হিসাবে ব্যবহার করতে হবে? সমাধান: লৌহ দণ্ড
- (ii) কোন ধাতুটি অ্যানোড হিসাবে ব্যবহার করতে হবে? সমাধান: নিকেল
- (iii) কোন ইলেকট্রোড থেকে বহিঃস্থ সার্কিটে ইলেকট্রন প্রবাহিত হবে? সমাধান: অ্যানোড (নিকেল দণ্ড) থেকে
- (iv) অ্যানোডের ইলেকট্রোড বিক্রিয়াটি লিখ। সমাধান:  $Ni - 2e^- = Ni^{2+}$
- (v) ক্যাথোডের ইলেকট্রোড বিক্রিয়াটি লিখ। সমাধান:  $Ni^{2+} + 2e^- = Ni$

20. ইউরিয়া সার থেকে একটি গাছ কীভাবে নাইট্রোজেন গ্রহণ করে? রাসায়নিক বিক্রিয়ার সাহায্যে ব্যাখ্যা কর।


সমাধান: ইউরিয়া সার মাটিতে প্রয়োগ করার পর আর্দ্রবিশ্লেষণের মাধ্যমে দ্রুত  $(NH_4)_2CO_3$  এ পরিণত হয়।



অণুস্থিত  $(NH_4)_2CO_3$  নিম্নোক্তভাবে বিয়োজিত হয়।



উৎপন্ন  $NH_4^+$  আয়ন হতে গাছ নাইট্রোজেন গ্রহণ করে। সার প্রয়োগের পর যদি মাটির সাথে মিলিয়ে দেয়া না হয় তাহলে  $NH_4^+$  আয়ন বিয়োজিত হয়ে  $NH_3$  গ্যাস উৎপন্ন করে ও উড়ে যায়।



আবার, মাটি হতে নাইট্রোসোমোনাস এবং নাইট্রোব্যাক্টের নামক এনজাইম  $NH_4^+$  কে নিম্নোক্তভাবে  $NO_3^-$  এ রূপান্তরিত হয়। মাটি

$+NH_4^+ \xrightarrow{\text{নাইট্রোসোমোনাস}} NO_2^- \xrightarrow{\text{নাইট্রোব্যাক্টের}} NO_3^- + H^+$  ফলে  $NH_4^+$  নাইটিফিকেশনের মাধ্যমে  $NO_3^-$  ও  $H^+$  উৎপন্ন করে। উৎপন্ন  $NO_3^-$  আয়ন হতে গাছ সম্পূর্ণভাবে নাইট্রোজেনকে গ্রহণ করতে পারে না। এজন্য ইউরিয়া মাটিতে ছিটিয়ে প্রয়োগ করে উত্তমরূপে মিশিয়ে দিতে হয়, যাতে গাছ কার্যকরভাবে ইউরিয়া হতে নাইট্রোজেন গ্রহণ করতে পারে।

21. প্রথম ক্রম বিক্রিয়ার অর্ধায়ু 50 সেকেন্ড। 75% বিক্রিয়া শেষ করতে কত সময় লাগবে?


সমাধান: 1ম ক্রম বিক্রিয়ার জন্য,  $t_{1/2} = \frac{\ln 2}{k}$

$$k = \frac{\ln 2}{t_{1/2}} = \frac{\ln 2}{50} = 0.01386s^{-1} \therefore t = \frac{1}{k} \ln \frac{C_0}{C_t} = \frac{1}{0.01386} \ln \frac{100}{100-75} = 100sec$$



22. ফেনল গাছপালা রক্ষণাবেক্ষণে ব্যবহৃত হয়। একজন মালীকে তিনটি বোতলে বিভিন্ন রকম রাসায়নিক পদার্থ দেয়া হল, যার একটিতে ফেনল রয়েছে। সে  $FeCl_3$  ব্যবহার করে কোন বোতলে ফেনল আছে তা কীভাবে বের করবে? বিক্রিয়াটি লিখ এবং উৎপাদিত যৌগটির নাম লিখ।

সমাধান: ফেনলের সাথে  $FeCl_3$  এর বিক্রিয়ায় জটিল যৌগের বেগুনি অধঃক্ষেপ পড়ে।





23. 50 মিনিট ধরে 0.20 অ্যাম্পিয়ার বিদ্যুৎ প্রবাহিত হওয়ায় 0.20 গ্রাম কপার জমা হয়। কপারের রাসায়নিক তুল্য ওজন নির্ণয় কর।

$$\text{সমাধান: } W = Zit \Rightarrow Z = \frac{W}{it} = \frac{0.20}{0.20 \times 50 \times 60} = 3.33 \times 10^{-4} \text{gC}^{-1} = 3.33 \times 10^{-7} \text{Kgc}^{-1}$$

$$\therefore \text{রাসায়নিক তুল্য ওজন} = 3.33 \times 10^{-7} \text{Kgc}^{-1}$$


24. পি.ভি.সি. কি? চূনাপাথর থেকে কীভাবে এটি তৈরি করা যায়? বিক্রিয়াসমূহ উল্লেখ কর।

সমাধান: পি.ভি.সি. এর পূর্ণ নাম পলি ভিনাইল ক্লোরাইড। এটি ভিনাইল ক্লোরাইডের পলিমার। চূনাপাথরকে তাপ দিয়ে প্রথমে  $CaO$  এ পরিণত করা হয়। অতঃপর  $CaO$  কে কার্বন দ্বারা বিজারিত করে ক্যালসিয়াম কার্বাইডে পরিণত করা হয়। ক্যালসিয়াম কার্বাইডকে আর্দ্রবিশ্লেষিত করে ইথাইনে পরিণত করা হয়। ইথাইনের সাথে  $HCl$  এর বিক্রিয়ায় ভিনাইল ক্লোরাইড ও এর পলিমারকরণ বিক্রিয়ায় P. V. C. তৈরি করা হয়।




25. কী ঘটে রাসায়নিক সমীকরণের সাহায্যে লিখ:


(i) বেনজিন ডায়াজোনিয়াম ক্লোরাইডকে পটাশিয়াম আয়োডাইডসহ ফুটালে:




(ii) দস্তার উপস্থিতিতে নাইট্রোবেনজিনকে এ্যামোনিয়াম ক্লোরাইডের সাথে বিক্রিয়া ঘটালে:





(iii) এ্যাসিটামাইডের সাথে ব্রোমিন ও সোডিয়াম হাইড্রোক্সাইডের দ্রবণের বিক্রিয়া ঘটালে:



(iv) ক্যালসিয়াম কার্বোনেটের উপস্থিতিতে এসিটালডিহাইডের মধ্যে ক্লোরিন চালনা করলে:



26. (a) নিচের বিক্রিয়াগুলোর মূল উৎপাদ নামসহ লিখ।



সমাধান: (i)  $CH_3 - NH_2$  (মিথাইল অ্যামিন)









(b) নিচের যৌগগুলোর রাসায়নিক সংকেত লিখ।

(i) Menthol

(ii) Glycin

(iii) Uracil

(iv) Freon 12




27. পাশের যৌগগুলো সনাক্তকরণের জন্য একটি করে রাসায়নিক পরীক্ষা উল্লেখ কর:

(i) Protein


(ii) Chloroform

সমাধান: (i) প্রোটিন সনাক্তকরণ: নিনহাইড্রিন পরীক্ষা:

নিনহাইড্রিনের লঘু জলীয় দ্রবণ ও অ্যামিনো এসিডের মিশ্রণকে উত্তপ্ত করলে গাঢ় নীল বেগুনী বর্ণ উৎপন্ন হয়।



(ii) ক্লোরোফর্ম সনাক্তকরণ: কার্বিল অ্যামিন বিক্রিয়া- ক্লোরোফর্ম ও অ্যালকোহলীয় KOH দ্রবণের সাথে অ্যানিলিন মিশিয়ে 60°-70°C তাপমাত্রায় উত্তপ্ত করলে উৎকট গন্ধযুক্ত কার্বিল অ্যামিন পাওয়া যায়।



### ইংরেজি (Written)

Read the following passage and answer the question numbers 28-29 that follow:

Electronic mail, popularly known as 'e-mail', is the communication of textual messages via electronic means. Although telex communication is also electronic in nature, there are differences between a telex and an e-mail. While telex communication is terminal-to-terminal, electronic mail communication is user-to-user. In telex, messages destined to a number of users are sent to the same terminal from where it is distributed in a printed form by an operator. On the other hand, e-mail is delivered to individual electronic mail boxes based in computer.

An important advantage of e-mail is its ability to reduce the consumption of paper in the office. Internal memos and reports can be exchanged electronically without using paper. Being a computer-based messaging system, files prepared on computers can be instantly copied and easily exchanged as e-mail. This facility has the potential of improving office efficiency considerably.

Being a person-to-person communication, e-mail turns out to be a cheaper alternative to telephone conversation and eliminates the time spent in establishing phone calls. Privacy is ensured as the mail is delivered to an individual's mail box which can be accessed or opened only by the intended recipient.

E-mail has brought about a revolution in modern communication. Messages can be transmitted from one country to another within seconds. It is far cheaper than telephone calls. Trade and commerce has become greatly dependent on this mode of communication.

28. (a) Mention three advantages of using e-mail according to the passage.

সমাধান: Three advantages of using e-mail according to the passage are safety, low cost, quickness.

(b) How is privacy maintained through an e-mail?

সমাধান: E-mail is delivered to individual mail-boxes which can be accessed only by the intended recipient, thus privacy is maintained through e-mail.

(c) What is the principal disadvantage of using 'Telex'?

সমাধান: The principle disadvantage of using 'Telex' is that it cannot ensure safety.



29. Fill in the gaps with the correct form of words in brackets. Add any preposition if necessary.

(a) E-mail system is (difference) \_\_\_\_\_ telex system in several respects.

সমাধান: different from

(b) E-mail has brought about a (revolution) \_\_\_\_\_ change in modern communication.

সমাধান: revolutionary

30. Correct the following sentences.

(a) He as well as his brother were present in the meeting.

সমাধান: He as well as his brother was present in the meeting

(b) He offered me a fresh basket of flowers.

সমাধান: He offered me a basket of fresh flowers.

(c) I was absent at the meeting.

সমাধান: I was absent from the meeting.

(d) The three boys divided the mangoes between themselves.

সমাধান: The three boys divided the mangoes among themselves.

(e) Until you are idle, you will not prosper.

সমাধান: Till you are idle, you will not prosper.

### গণিত (MCQ)

01. C-এর মান কত হলে  $y = Cx(1+x)$  বক্ররেখার মূল বিন্দুতে তার স্পর্শক অক্ষের সাথে  $30^\circ$  কোণ উৎপন্ন করবে?

(a)  $\sqrt{3}$

(b)  $\frac{1}{\sqrt{3}}$

(c)  $\frac{2}{\sqrt{3}}$

(d)  $\frac{\sqrt{3}}{2}$

সমাধান: (b);  $y = Cx(1+x) = Cx + Cx^2$ ;  $\frac{dy}{dx} = C + 2Cx$

মূলবিন্দুতে স্পর্শকের ঢাল,  $\left(\frac{dy}{dx}\right)_{(x=0)} = C \therefore C = \tan 30^\circ = \frac{1}{\sqrt{3}}$

02.  $\int \frac{e^x(1+x)}{\cos^2(xe^x)} dx$  এর মান হল-

(a)  $\sin(xe^x) + C$

(b)  $\cos(xe^x) + C$

(c)  $\tan(xe^x) + C$

(d)  $\cos^2(xe^x) + C$

সমাধান: (c);  $\int \frac{e^x(1+x)}{\cos^2(xe^x)} dx = \int \frac{dz}{\cos^2 z}$

ধরি,  $z = xe^x$

$= \int \sec^2 z dz = \tan z + C = \tan(xe^x) + C$

$dz = e^x(1+x)dx$

03. কোন ত্রিভুজের বাহুগুলি  $2x+3$ ,  $x^2+3x+3$  এবং  $x^2+2x$  হলে, বৃহত্তম কোণটি হবে-

(a)  $90^\circ$

(b)  $120^\circ$

(c)  $60^\circ$

(d)  $180^\circ$

সমাধান: (b);  $a = 2x+3$ ,  $b = x^2+3x+3$ ;  $c = x^2+2x \therefore$  বৃহত্তম কোণটি হলো B.

$$b^2 = a^2 + c^2 - 2ac \cos B \Rightarrow \cos B = \frac{a^2+c^2-b^2}{2ac} = \frac{(2x+3)^2+(x^2+2x)^2-(x^2+3x+3)^2}{2(2x+3)(x^2+2x)} = -\frac{1}{2}$$

[ $x=1$  ধরলে  $a=5$ ,  $b=7$ ,  $c=3$  হয় তখন  $\cos B = -\frac{1}{2}$  হয় এভাবে Shortcut এ করা যায়]

$$\therefore \cos B = -\frac{1}{2} \Rightarrow B = 120^\circ$$

04. দেয়া আছে,  $F(x) = \int_0^x \frac{t-3}{t^2+7} dt$ ।  $x$ -এর মান কত হলে  $F(x)$  ন্যূনতম হবে?

(a) 3

(b) 0

(c)  $\sqrt{7}$

(d)  $-\sqrt{7}$

সমাধান: (a);  $F(x)$  ন্যূনতম হলে  $F'(x) = 0 \therefore \frac{t-3}{t^2+7} = 0 \Rightarrow t = 3$



05. একটি মুদ্রা পরপর তিনবার টস করা হলে পর্যায়ক্রমে মুদ্রাটির হেড এবং টেইল পাবার সম্ভাব্যতা হবে-

- (a)  $\frac{1}{4}$  (b)  $\frac{1}{2}$  (c)  $\frac{1}{8}$  (d) None of these

সমাধান: (a);  $P(\text{HTH}) = \frac{1}{2} \times \frac{1}{2} \times \frac{1}{2} = \frac{1}{8}$ ;  $P(\text{THT}) = \frac{1}{8}$

$\therefore$  পর্যায়ক্রমে হেড ও টেইল পাবার সম্ভাব্যতা =  $P(\text{HTHs অথবা THT}) = P(\text{HTH}) + P(\text{THT}) = \frac{1}{8} + \frac{1}{8} = \frac{1}{4}$


06. নদীর স্রোতের দ্বিগুণ বেগে ও স্রোতের সাথে লম্বভাবে একটি নৌকার দাঁড় টানা হচ্ছে। নৌকাটি অপর তীরে যাত্রা বিন্দুর ঠিক বিপরীত স্থান থেকে 2.5 কি.মি. ভাটিতে পৌঁছাল। নদীটির প্রস্থ কত?

- (a) 2.5km (b) 4km (c) 3km (d) 5km

সমাধান: ধরি, t সময় লাগে অপর তীরে পৌঁছাতে।

$\therefore t = \frac{d}{u} = \frac{d}{2v}$

এখন,  $2.5 = v \times t$  বা,  $2.5 = v \times \frac{d}{2v} = \frac{d}{2} \therefore d = 5\text{km}$



\*07. একটি মসৃণ পুলির উপর দিয়ে গমনকারী একটি হালকা রশির প্রান্তদ্বয়ে সংযুক্ত বস্তুর সাধারণ ত্বরণ  $54.5\text{cm/s}^2$  হলে বস্তু দুইটির ভরের অনুপাত হবে-

- (a) 21:17 (b) 23:19 (c) 19:17 (d) 19:15

সমাধান:  $\frac{m_1 - m_2}{m_1 + m_2} \times g = f$  বা,  $\frac{m_1 - m_2}{m_1 + m_2} \times 980 = 54.5$  বা,  $\frac{m_1 + m_2}{m_1 - m_2} = \frac{980}{54.5}$

বা,  $\frac{m_1}{m_2} = \frac{(980 + 54.5)}{(980 - 54.5)} = 1.11777 \left[ \frac{19}{17} = 1.11765 \right]$

08. W ওজনের 10 মিটার দীর্ঘ একটি ভারী সুষম বারকে ভূমিতলের সমান্তরাল একই সরলরেখা দুটি পেরেকের উপর এমনভাবে রাখা হয়েছে যে, এর এক প্রান্ত একটি পেরেক হতে 2 মিটার বাইরে আছে। পেরেক দুটির দূরত্ব কত হলে তাদের একটির উপর চাপ অপরটির উপর চাপের তিন গুণ হবে?


- (a) 1 m (b) 2 m (c) 3 m (d) 4 m

সমাধান: O বিন্দুর সাপেক্ষে ভ্রামক নিয়ে পাই,

$3F \times x - F \times 3 = 0$

বা,  $3F \times x = F \times 3$  বা,  $x = 1\text{ m}$

$\therefore$  পেরেকদ্বয়ের দূরত্ব =  $3 + x = 3 + 1 = 4\text{m}$




09. 8 ডাইন ও 3 ডাইন মানের দু'টি বিপরীতমুখী সমান্তরাল বল একটি বারের 12 সে.মি. দূরত্বে অবস্থিত দু'টি বিন্দুতে ক্রিয়া করছে। একটিমাত্র বলের ক্রিয়ায় বারটিকে ভারসাম্যে রাখতে হলে বারের ন্যূনতম দৈর্ঘ্য হবে-

- (a)  $19\frac{1}{2}\text{cm}$  (b)  $19\frac{1}{5}\text{cm}$  (c)  $7\frac{1}{2}\text{cm}$  (d)  $7\frac{1}{5}\text{cm}$

সমাধান: এখন,  $\frac{3D}{x} = \frac{5D}{12}$  | লব্ধি বল  $(8 - 3) = 5\text{ days}$

বা,  $x = \frac{36}{5} = 7.2$

$\therefore$  দৈর্ঘ্য,  $l = 12 + x = 12 + 7.2 = 19.2 = 19\frac{1}{5}\text{cm}$



10.  $\lim_{x \rightarrow \frac{\pi}{2}} \frac{1 - \sin x}{\cos x}$  এর মান হল-

- (a)  $\frac{1}{2}$  (b) 0 (c) 2 (d) 1

সমাধান:  $\lim_{x \rightarrow \frac{\pi}{2}} \frac{1 - \sin x}{\cos x} = \lim_{h \rightarrow 0} \frac{1 - \sin(\frac{\pi}{2} + h)}{\cos(\frac{\pi}{2} + h)}$

ধরি,  $x = h + \frac{\pi}{2}$

$= \lim_{h \rightarrow 0} \frac{1 - \cosh}{-\sinh} = \lim_{h \rightarrow 0} \frac{2 \sin^2 \frac{h}{2}}{-2 \sin \frac{h}{2} \cos \frac{h}{2}} = \lim_{h \rightarrow 0} -\tan \frac{h}{2} = 0$

$x \rightarrow \frac{\pi}{2}$  হলে  $h \rightarrow 0$

\*11.  $\frac{3}{1^2 \cdot 2^2} + \frac{5}{2^2 \cdot 3^2} + \frac{7}{3^2 \cdot 4^2} + \dots$  ধারাটির n পদ পর্যন্ত যোগফল হল-

- (a)  $\frac{n(n+2)}{(n+1)^2}$  (b)  $\frac{n(n+2)}{n+1}$  (c)  $\frac{n(n+2)^2}{(n+1)^2}$  (d)  $\frac{(n+2)}{(n+1)^2}$





সমাধান:  $U_n = \frac{2n+1}{n^2(n+1)^2} = \frac{(n+1)^2 - n^2}{n^2(n+1)^2} = \frac{1}{n^2} - \frac{1}{(n+1)^2} = V_{n-1} - V_n$

$\therefore S_n = V_0 - V_n = 1 - \frac{1}{(n+1)^2} = \frac{(n+1)^2 - 1}{(n+1)^2} = \frac{n^2 + 2n}{(n+1)^2} = \frac{n(n+2)}{(n+1)^2}$

12. কোন উপবৃত্তের উপকেন্দ্রিক লম্ব উপবৃত্তটির বৃহৎ অক্ষের অর্ধেক। এর উৎকেন্দ্রিকতা হল-


- (a)  $\frac{1}{2}$  (b)  $\frac{1}{\sqrt{2}}$  (c) 2 (d)  $\sqrt{2}$

সমাধান: উপকেন্দ্রিক লম্ব =  $\frac{2b^2}{a}$  ও বৃহৎ অক্ষ =  $2a$ ;  $\frac{2b^2}{a} = \frac{2a}{2} \Rightarrow \frac{b^2}{a^2} = \frac{1}{2} \therefore e = \sqrt{1 - \frac{b^2}{a^2}} = \sqrt{1 - \frac{1}{2}} = \sqrt{\frac{1}{2}} = \frac{1}{\sqrt{2}}$

13.  $y = x^3$  বক্ররেখা এবং  $y = 0, x = 1$  ও  $x = 3$  সরলরেখা তিনটি দিয়ে সীমাবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল হবে-

- (a) 5 sq. unit (b) 20 sq. unit (c) 10 sq. unit (d) 15 sq. unit

সমাধান: ক্ষেত্রফল =  $\int_1^3 x^3 dx = \left[ \frac{x^4}{4} \right]_1^3 = \frac{3^4 - 1^4}{4} = 20 \text{ sq. unit}$



14.  $x$  এর কোন মানের জন্য  $f(x) = x + \frac{1}{x}$  ফাংশনটির সর্বোচ্চ মান সম্পন্ন হবে-

- (a) 1 (b) -1 (c) 0 (d) 2

সমাধান:  $x = 2$  হলে  $f(x) = 2 + \frac{1}{2} = 2.5$  এর মান সর্বোচ্চ হয়।

15. যদি  $\vec{a} = \hat{i} + 2\hat{j} - 3\hat{k}$  এবং  $\vec{b} = 3\hat{i} - \hat{j} + 2\hat{k}$  হয়, তবে  $\vec{a} + \vec{b}$  এবং  $\vec{a} - \vec{b}$  এর মধ্যবর্তী কোণের মান হবে-

- (a)  $45^\circ$  (b)  $90^\circ$  (c)  $30^\circ$  (d)  $120^\circ$

সমাধান:  $\vec{a} + \vec{b} = 4\hat{i} + \hat{j} - \hat{k}$ ;  $\vec{a} - \vec{b} = -2\hat{i} + 3\hat{j} - 5\hat{k}$

$(\vec{a} + \vec{b}) \cdot (\vec{a} - \vec{b}) = -8 + 3 + 5 = 0 \therefore \cos\theta = \frac{(\vec{a} + \vec{b}) \cdot (\vec{a} - \vec{b})}{|\vec{a} + \vec{b}| |\vec{a} - \vec{b}|} = 0; \theta = \cos^{-1} 0 = 90^\circ$

16. একটি অধিবৃত্ত  $(6, 4)$  এবং  $(-3, 1)$  বিন্দুগামী। এর কেন্দ্র মূল বিন্দুতে এবং  $x$ -অক্ষ বরাবর এর আড়া অক্ষ অবস্থিত। অনুবন্ধী অক্ষের দৈর্ঘ্য হল-

- (a)  $\frac{36}{\sqrt{5}}$  (b) 8 (c) 2 (d) 4

সমাধান: ধরি, অধিবৃত্তের সমীকরণঃ  $\frac{x^2}{a^2} - \frac{y^2}{b^2} = 1$  উহা  $(6, 4)$  ও  $(-3, 1)$  বিন্দুগামী।

$\therefore \frac{6^2}{a^2} - \frac{4^2}{b^2} = 1$  ও  $\frac{(-3)^2}{a^2} - \frac{1^2}{b^2} = 1$ ;  $\frac{1}{a^2} = \frac{5}{36}$  ও  $\frac{1}{b^2} = \frac{1}{4}$  বা,  $b = 2 \therefore$  অনুবন্ধী অক্ষের দৈর্ঘ্য =  $2b = 4$

17.  $K$ -এর মান কত হলে  $(3K + 1)x^2 + (11 + K)x + 9 = 0$  সমীকরণের মূলদ্বয় জটিল সংখ্যা হবে?

- (a)  $K > 1$  (b)  $K < 85$  (c)  $K \geq 85$  (d)  $1 < K < 85$

সমাধান:  $(3k + 1)x^2 + (11 + k)x + 9 = 0$

নিশ্চায়ক  $(11 + k)^2 - 4(3k + 1)9 = 11^2 + 2 \cdot 11 \cdot k + k^2 - 36(3k + 1)$

$= 22k + k^2 + 121 - 108k - 36 = k^2 - 86k + 85 = (k - 85)(k - 1)$

মূলদ্বয় জটিল সংখ্যা হলে, নির্ণায়ক  $< 0 \therefore (k - 85)(k - 1) < 0$  বা,  $1 < k < 85$

18.  $A$  এবং  $B$  যে কোন দু'টি সেট,  $A'$  এবং  $B'$  যথাক্রমে  $A$  এবং  $B$  এর পূরক সেট হলে  $A - B$  এর সমান হবে-


- (a)  $A' - B'$  (b)  $B' - A'$  (c)  $A' - B$  (d)  $A - B'$

সমাধান: (b);

$A - B = \{x: x \in (A - B)\} = \{x: x \in A, x \notin B\}$

$= \{x: x \in A, x \in B'\} = \{x: x \in B', x \notin A'\}$

$= \{x: x \in B' - A'\} = B' - A'$





19.  $x - 3y - 2 = 0$  রেখার উপর P একটি বিন্দু এবং তা (2, 3) ও (6, -5) বিন্দু দুটি হতে সমদূরবর্তী। P বিন্দুটির স্থানাঙ্ক হল-  
 (a) (12, 4) (b) (14, 2) (c) (14, 4) (d) (16, 4)

সমাধান: (c); P এর স্থানাঙ্ক (x, y)  $\therefore (x - 2)^2 + (y - 3)^2 = (x - 6)^2 + (y + 5)^2$

$$\Rightarrow x^2 + y^2 - 4x - 6y + 4 + 9 = x^2 + y^2 - 12x + 10y + 36 + 25 \Rightarrow 8x - 16y - 48 = 0 \dots\dots (i)$$

[সহজ উপায়ঃ এখানে শুধুমাত্র (14, 4) বিন্দুটি দ্বারাই সমীকরণটি সিদ্ধ হয়]


আবার,  $x - 3y - 2 = 0 \dots\dots (ii)$ , (i) ও (ii) হতে,  $(x, y) = (14, 4)$

20. যদি  $\tan\theta = \frac{5}{12}$  এবং  $\cos\theta$  ধনাত্মক হয়, তবে  $\frac{\sin\theta + \cos(-\theta)}{\sec(-\theta) + \tan\theta}$  এর মান হবেঃ

- (a)  $\frac{34}{39}$  (b)  $\frac{34}{40}$  (c)  $\frac{30}{39}$  (d)  $\frac{35}{50}$

সমাধান: (a);  $\tan\theta = \frac{5}{12}$ ;  $\cos\theta = \frac{12}{13}$ ;  $\sin\theta = \frac{5}{13}$  [ $\theta$  কোণটি ১ম চতুর্ভাগে অবস্থিত]

$$\therefore \frac{\sin\theta + \cos(-\theta)}{\sec(-\theta) + \tan\theta} = \frac{\sin\theta + \cos\theta}{\sec\theta + \tan\theta} = \frac{\frac{5}{13} + \frac{12}{13}}{\frac{13}{12} + \frac{5}{12}} = \frac{17}{13} \times \frac{12}{18} = \frac{34}{39}$$



- \*21.  $(101010)_2$  এর সাথে কোন ন্যূনতম দ্বিমিক সংখ্যা যোগ করলে যোগফল 15 দিয়ে বিভাজ্য হবে?

- (a)  $(11)_2$  (b)  $(10)_2$  (c)  $(101)_2$  (d)  $(100)_2$

সমাধান: (a);  $(101010)_2 = (42)_{10}$ ; 42 এর সাথে 3 যোগ করলে যোগফল 15 দ্বারা বিভাজ্য হয়।  $(3)_{10} = (11)_2$

22. একটি কণা v বেগে নিষ্কিণ্ত হলে তার অনুভূমিক পাল্লা লব্ধ সর্বোচ্চ উচ্চতা 4 গুণ হয়। এক্ষেত্রে প্রক্ষেপণ কোণ হবে-

- (a)  $90^\circ$  (b)  $60^\circ$  (c)  $30^\circ$  (d)  $45^\circ$

সমাধান: (d);  $H = \frac{v^2 \sin^2 \theta}{2g}$ ;  $R = \frac{v^2 \sin 2\theta}{g}$

$$R = 4H \Rightarrow \frac{v^2 \sin 2\theta}{g} = 4 \times \frac{v^2 \sin^2 \theta}{2g} \Rightarrow \frac{v^2 2 \sin \theta \cos \theta}{g} = 2 \times \frac{v^2 \sin^2 \theta}{g} \Rightarrow \tan \theta = 1 \Rightarrow \theta = 45^\circ$$

- \*23. 50kg ভরের একজন লোক  $327 \text{cm/s}^2$  ত্বরণে চলমান একটি লিফটে দাঁড়িয়ে আছে। উপরে আরোহণের সময় লিফটের মেঝের ওপর আরোপিত চাপ হবে-

- (a) 101.1N (b) 6.54N (c) 65.4N (d) 654N

সমাধান: (d); আরোপিত চাপ =  $m(g + a) = 50 \times (9.8 + 3.27) = 653.5 \text{N} \approx 654 \text{N}$


24. এক ব্যক্তি ঘন্টায় 3km বেগে উত্তর দিকে 12km হাঁটার পর পশ্চিম দিকে 150 মিনিটে 5km পথ হাঁটল। ব্যক্তিটির গড় বেগ হল-

- (a)  $\frac{17}{6} \text{ km/hr}$  (b)  $\frac{2}{3} \text{ km/hr}$  (c) 2km/hr (d) 2.5km/hr

সমাধান: (c); মোট সরণ =  $\sqrt{12^2 + 5^2} = 13 \text{ km}$

$$\text{মোট সময়} = \frac{12}{3} + 2.5 = 6.5 \text{ hr}$$

$$\therefore \text{গড়বেগ} = \frac{13}{6.5} = 2 \text{ km/hr}$$



25. যদি  $\cot\theta = 2$  হয়, তবে  $10 \sin 2\theta - 6 \tan 2\theta$  এর মান হবে-

- (a) 1 (b) 3 (c) 2 (d) 0

